SE(Pr. Unit)
XEN(Pr. Unit)
3.1.19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৬.১৯-০৪

তারিখঃ ০২/০১/২০১৯ খ্রিঃ

**বিষয়ঃ সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগ সংক্রান্ত বিষয়ে মতামত প্রদান।**

সূত্রঃ-৪৬.০২.০০০০.৩২২.১৮.০০৩.১০-৪৪১; তারিখঃ ২৮/১০/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দরপত্র প্রক্রিয়াকরণের আবশ্যক সময় এবং ব্যয় ক্রয়ের জন্য নির্ধারিত পণ্য বা কার্যের সম্ভাব্য চুক্তিমূল্যের তুলনায় অসমঞ্জস হলে পিপিআর, ২০০৮ এর তফসিল-২ এর নির্ধারিত মূল্যসীমার অন্তর্ভুক্ত ক্রয়ের ক্ষেত্রে (পণ্য ও সংশ্লিষ্ট সেবা ২৫.০০ লক্ষ এবং কার্য ও ভৌত সেবা ৩.০০ কোটি টাকা পর্যন্ত) ক্রয়কারী বিধি ৬৩(১)(ঘ) [সংশোধন-পূর্ব বিধি ৬৩ (২)] অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনক্রমে সীমিত দরপত্র পদ্ধতি অনুসরণপূর্বক তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হতে যথাক্রমে পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয় করতে পারে।

০২। এখানে উল্লেখ্য, সীমিত দরপত্র পদ্ধতিতে পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রগুলো বিধি-৬৩(১)-এর 'ক' হতে 'ঘ' ক্রমিকে [সংশোধন-পূর্ব বিধি ৬৩ (১) ও (২)] বর্ণিত আছে। উপর্যুক্ত 'ক' হতে 'ঘ' ক্রমিকের সংস্থানগুলো প্রতিটি স্বতন্ত্র এবং ভিন্ন ভিন্ন ক্ষেত্রের জন্য প্রযোজ্য।

০৩। উদাহরণস্বরুপ, বিধি-৬৩(১)(ঘ) এর সংস্থান ক্রয়কারী কর্তৃক তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হতে পণ্য/কার্য ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৪। অনুরুপভাবে, জরুরী প্রয়োজনে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রতিযোগিতামূলক দরপত্র প্রক্রিয়া গ্রহণ বাস্তবসম্মত নয় মর্মে প্রতীয়মান হলে শর্ত সাপেক্ষে বিধি-৬৩(১)(খ) প্রযোজ্য হবে। অর্থাৎ তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হতে পণ্য/কার্য ক্রয়ের সংস্থানটির সঙ্গে [উপ-বিধি [(৬৩(১)(ঘ)] [সংশোধনপূর্ব বিধি-৬৩(২)] জরুরী ও বিশেষায়িত কাজের সংস্থানটির কোন সম্পর্ক নেই।

০৫। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

(মোসাঃ মৌসুমী হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
প্রকিউরমেন্ট ইউনিট
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), এলজিইডি ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।

\\192.168.1.22\CPTU_General\Maushumi_DD\Letter_2019\LGED 01.01.2019.doc